

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট  
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়  
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা

স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৪৯

তারিখ ১৯ শ্রাবণ ১৪৩০  
০৩ আগস্ট ২০২৩

## বিজ্ঞপ্তি

২০২৩ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়স্বতন্ত্র বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে :

- (১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে।
- (২) শিল্প/সাহিত্যকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন শিল্পী বা তাঁর সন্তান বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন।
- (৩) আবেদনকারী শিল্পীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।
- (৪) শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য বৃত্তি এবং শিল্পীদের মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি/স্টাইপেন্ড/এককালীন মঞ্জুরি প্রত্যাশী শিল্পীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (৫) আবেদন ফরম বিনামূল্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ([www.moca.gov.bd](http://www.moca.gov.bd)) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট ([www.shilpitrust.portal.gov.bd](http://www.shilpitrust.portal.gov.bd)) এ পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
- (৬) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।
- (৭) দুইকপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (৮) বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট-এর ১৩/১১/২০২২ ও ২৮/০৩/২০২৩ তারিখে বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা ইতিমধ্যে আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।



অসীম কুমার দে  
(অতিরিক্ত সচিব)  
ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট